

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: www.gsb.gov.bd  
ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/ ৩২০৪

তারিখ: ৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪৩ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪১ তম সভা গত ২০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি: তারিখ, রোজ বৃহস্পতিবার অপরাহ্ন ১৪.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

## ২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ৪০ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। ইন্টারনেট পরিসেবা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার সম্ভাব্যতা যাচাই বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করার লক্ষ্যে বিদ্যমান সমস্যা দূরীকরণে এটুআই এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের ইন্টারনেট সার্ভার এর অনলাইন ইউপিএস নষ্ট হওয়ায় ইন্টারনেট সেবা নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে জেনারেটর লাইন সংযোজন এবং জরুরী ভিত্তিতে অনলাইন ইউপিএস সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।

## ৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


৩.১. ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন জিএসবি'র উদ্ভাবনী কর্মপরিকল্পনা ৩: " 'Google Map' ভিত্তিক ভূ-বৈজ্ঞানিক তথ্যাবলী (তথ্য-উপাত্ত ও মানচিত্রের মাধ্যমে সঠিক অবস্থান প্রদর্শনসহ) জনস্বার্থে প্রকাশের লক্ষ্যে জিএসবি'র ওয়েবসাইটে সংযোজন" সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য আগামী ২৬/০৯/২০১৮ তারিখে ইনোভেশন টিমের সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) উক্ত আইডিয়া প্রদানকারি কর্মকর্তাগণের সাথে আলোচনাক্রমে কনটেন্ট চূড়ান্তকরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।


৩.২. ইন্টারনেট পরিসেবা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩. অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করণে বিদ্যমান সমস্যা দূরীকরণে এটুআই এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪. অধিদপ্তরের ইন্টারনেট সার্ভার এর অনলাইন ইউপিএস নষ্ট হওয়ায় ইন্টারনেট সেবা নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে জেনারেটর লাইন সংযোজন এবং জরুরী ভিত্তিতে অনলাইন ইউপিএস সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



  
(সাইদুল হোসেন)

পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮৩১২২১৬৮


E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/

তারিখ: ৮ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
২৩ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৩) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৪) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) নথিতে সংরক্ষণের জন্য।

  
(রাজিব কুমার সাহা)

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)

সদস্যসচিব

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

E-mail: rajibkumarsaha@hotmail.com